



জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার



প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ : ১৩.১০.২০২০

সূত্র : পিডি/ডিজিএম/ছাতা/২০/১৩৬৫

সকল মহাব্যবস্থাপক/উপ মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক/শাখাব্যবস্থাপক
প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/
সকল কর্পোরেট শাখা ১ ও ২/সকল স্টাফ কলেজ/
জেসিআইএল/অন্যান্য সকল শাখা
জনতা ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয় : ২০২০ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের বর্ষাকালীন ছাতার মূল্য পুনঃভরণ পদ্ধতিতে
পরিশোধ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষ কর্তৃক ২০২০ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী অত্র
ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল প্রত্যেক কর্মচারীকে উন্নতমানের ২৬” সাইজের প্রতিটি ছাতার মূল্য বাবদ ৩০০/- (তিনশত) টাকা
নিম্নবর্ণিত নিয়মাবলী পরিপালন সাপেক্ষে পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধের অনুমোদন প্রদান করা হয়েছে।

নিয়মাবলী :

- ১। ২০২০ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল প্রত্যেক কর্মচারীকে স্টীলের বাট, কাল রং এর কাপড় ও
অন্যান্য উন্নত সামগ্রী দ্বারা তৈরী ২৬” সাইজের উন্নতমানের প্রতিটি ছাতার মূল্য বাবদ ৩০০/- (তিনশত) টাকা স্ব-স্ব কর্মচারী
কর্তৃক ছাতা ক্রয়ের মেমো/ভাউচার সংশ্লিষ্ট অফিসে জমা করার পর পুনঃভরণ পদ্ধতিতে যথাযথ রেজিস্টারে এন্ট্রি করতঃ
পরিশোধ করতে হবে।
- ২। ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী সকল স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীকে ১(এক) বৎসর অন্তর অন্তর অর্থাৎ প্রতি ২(দুই) বৎসরে
১(এক)টি ছাতার মূল্য পরিশোধ করা হয়। সুতরাং যারা গত বৎসর অর্থাৎ ২০১৯ সালে ব্যাংক হতে ছাতার মূল্য পেয়েছেন
তারা ২০২০ সালে ছাতার মূল্য পাওয়ার যোগ্য হবেন না এবং একই ব্যক্তি যাতে একাধিক ছাতার মূল্য গ্রহণের সুযোগ না
পায় সে ব্যাপারে ছাতার মূল্য পরিশোধের রেজিস্টারে স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের নাম লিপিবদ্ধ করে স্বাক্ষর গ্রহণ করতে
হবে।
- ৩। পি.আর.এল ভোগরত কর্মচারীগণ ছাতা পাওয়ার যোগ্য হবে না। সুতরাং বর্তমানে যে সকল কর্মচারী পি.আর.এল ভোগ
করছেন তারা উক্ত ছাতা পাবেন না।
- ৪। নির্দেশ বিজ্ঞপ্তি নং-২০১৭ তারিখ ১০-০১-১৯৮৭ এর আলোকে নন-ক্লারিক্যাল কর্মচারীদের চাকুরীর মেয়াদ সার্কুলার ইস্যুর
তারিখে ৬ (ছয়) মাস পূর্ণ হলে উক্ত সুবিধা পাবেন।
- ৫। সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ বরখাস্তকালীন সময়ে ছাতা পাওয়ারযোগ্য হবেন না। তবে সাময়িকভাবে বরখাস্তকৃত
কর্মচারীগণ পরবর্তীতে উক্ত সময়ের মধ্যে অর্থাৎ (২০২০ সাল) পুনর্বহাল হয়ে চাকুরীতে যোগদান করলে তারা ছাতা পাওয়ার
যোগ্য হবেন।

চলমান পাতা-২



জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার



প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

-২-

সূত্র: পিডি/ডিজিএম/ছাতা/২০


তারিখ: ১৩.১০.২০২০


বিষয় : ২০২০ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের বর্ষাকালীন ছাতার মূল্য পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধ প্রসঙ্গে।

- ৬। প্রধান কার্যালয়ে কর্মরত স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের ছাতা ফ্রয়ের বিষয়ে নিশ্চিত হয়ে ছাতা ফ্রয়ের মেমো/ভাউচারের পিছনে সংশ্লিষ্ট নন-ক্লারিক্যাল কর্মচারীর স্বাক্ষর গ্রহণ করত: তা সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পূর্বক মূল্য পরিশোধের জন্য প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে।
- ৭। কর্মচারীগণ কর্তৃক ছাতা ফ্রয় করায় সরকারী বিধিমালা অনুযায়ী ছাতার মূল্য প্রদানকালে ৭.৫% হারে অর্থ্যাৎ ২১/- (একুশ) টাকা করে ভ্যাট কর্তন পূর্বক তা একীভূত আকারে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যুকরত: আগামী ১(এক) মাসের মধ্যে একাউন্টস ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল, বা/এ, ঢাকায় প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে কোন কোন অফিস হতে সিআইবিটিসিএ সমূহ প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে প্রেরণ করা হয় যা মোটেও কাম্য নয়।
- ৮। উপরোক্ত নিয়মাবলী যথাযথভাবে পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

শ্রদ্ধান্তে/ধন্যবাদান্তে।

আপনাদের বিশ্বস্ত,


১৩.১০.২০২০
(খান মাহমুদ কামাল)
সহকারী মহাব্যবস্থাপক


১৩.১০.২০২০
(গোপাল চন্দ্র মন্ডল)
উপ-মহাব্যবস্থাপক